নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, গাইবান্ধা।
ফোন অফিস-০২৫৮-৯৯৮০১৭০
মোবাইল নং-০১৩১৮-২৩৫৪৯০

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Executive Engineer
Gaibandha W.D. Division
BWDB, Gaibandha.
Phone: Office-0258-9980170
Mobile No.-01318-235490
E-mail: xen.gaibandhabwdb@gmail.com
xen.gaibandha@bwdb.gov.bd

স্মারক নং-ই-১৩/৫৬২৩ তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ।
৩০ জুন ২০২৬ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য (Works) ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য (Goods) সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫.১৩৪, তারিখঃ ২০-০৭-২০২০খ্রিঃ মোতাবেক নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, রংপুর (Deputy Director, Regional Accounts Center, BWDB, Rangpur) এর অনুকূলে করতঃ অত্র দপ্তরের প্রাক্কলন শাখায় দাখিলের মাধ্যমে আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। **নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি এবং নবায়নের ফরম সরবরাহ ও গ্রহণ করা হবেনা।** সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি-৬৮ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তি/নবায়ন দরপত্র আহবান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করেনা।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ৩। | ক্রয়কারীর নাম | নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। |
| ৪। | আবেদনকারীর যোগ্যতা | ১) বৈধ ট্রেড লাইসেন্স।<br>২) BIN Certificate (VAT Certificate গ্রহণ যোগ্য হবে না)।<br>৩) আবেদনের সাথে ২০২৪-২০২৫ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমাণক প্রদান করতে হবে। জুলাই ২০২৬ খ্রিঃ হতে যে সকল ঠিকাদার নতুন TIN Registration করবেন তাহাদের আয়কর প্রদানের সনদ প্রদান করতে হবে না।<br>৪) আবেদনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তির NID এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ল্যাব প্রিন্ট ছবি সংযুক্ত করতে হবে।<br>৫) বাপাউবোর নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।<br>৬) নতুন তালিকাভুক্তি/নবায়ন করার ক্ষেত্রে অত্র বিজ্ঞপ্তি জারীর পর ঠিকাদারদের ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (কার্য-২৫.০০ লক্ষ টাকা, পণ্য-৩.০০ লক্ষ টাকা) প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সীর ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে আবেদন গ্রহণের শেষ দিন পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদ গ্রহণযোগ্য হবে। ব্যাংক স্টেটমেন্ট/ব্যাংক সনদে অবশ্যই সংশ্লিষ্ট ব্যাংক শাখার ই-মেইল ও ঠিকানা উল্লেখ থাকতে হবে। |
| ৫। | আবেদন ফরম ফি | আবেদন ফরম ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, রংপুর বরাবর করতঃ আবেদন ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রাক্কলনিক/উচ্চমান সহকারীর নিকট জমা দিতে হবে। |
| ৬। | তালিকাভুক্তিকরণ ও নবায়ন ফি | নতুন তালিকাভুক্তির জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা, একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নতুন তালিকাভুক্তির জন্য ৩০০০/- (তিন হাজার) টাকা সাথে ভ্যাট বাবদ ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা, নবায়নের জন্য ২০০০/- (দুই হাজর) টাকা সাথে ভ্যাট বাবদ ৩০০/- (তিনশত) টাকা এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী হলে নবায়নের জন্য ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সাথে ভ্যাট বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, রংপুর (Deputy Director, Regional Accounts Center, BWDB, Rangpur) এর অনুকূলে। |
| ৭। | আবেদনপত্র প্রাপ্তির স্থান | প্রাক্কলন শাখা/প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। |
| ৮। | আবেদনপত্র দাখিল | প্রাক্কলন শাখা/প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। |
| ৯। | আবেদনপত্র (ডকুমেন্ট) বিক্রয় আরম্ভের তারিখ | ০১-০৭-২০২৬ খ্রিঃ, সকাল ৯.০০ ঘটিকা। |
| ১০। | আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় (তালিকাভুক্তি ও নবায়ন) | ৩০-০৭-২০২৬ খ্রিঃ, বিকাল ৪:০০ ঘটিকা। |
| ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়ন/নতুন তালিকাভুক্তির আবেদন চূড়ান্তভাবে গৃহিত হবে। | | |

উল্লেখ্য যে, নির্বাহী প্রকৌশলী, গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্রসমূহ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

৩০/০৬/২০২৬

(মোঃ শরিফুল ইসলাম)
নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, গাইবান্ধা।

৩০/০৬/২০২৬

স্মারক নং- ই-১৩/৫৬২৩/১(২২) তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ। ৩০ জুন ২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, রংপুর।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২-গ্রীনরোড, পান্থপথ, ঢাকা-১২১৫।

০৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৯, ৭২-গ্রীনরোড, পান্থপথ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, লেভেল-৬, ৭২ গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৬। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০৭। পুলিশ সুপার, গাইবান্ধা।

০৮। নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/স্বাস্থ্য প্রকৌশল/নেসকো, গাইবান্ধা।

০৯। নির্বাহী প্রকৌশলী, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রংপুর/কুড়িগ্রাম/লালমনিরহাট।

১০। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, রংপুর।

১১। উপ-বিভাগীয় প্রকৌশলী, গাইবান্ধা পানি উন্নয়ন উপ-বিভাগ-১, বাপাউবো, গাইবান্ধা ও সদস্য সচিব, Enlistment কমিটি।

১২। উপ-বিভাগীয় প্রকৌশলী, গাইবান্ধা পানি উন্নয়ন উপ-বিভাগ-২, বাপাউবো, গাইবান্ধা।

১৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, পলাশবাড়ী পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, গাইবান্ধা।

১৩। উপ-বিভাগীয় প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন উপ-বিভাগ-১, বাপাউবো, রংপুর ও সদস্য, Enlistment কমিটি।

১৪। প্রাক্কলনিক/উচ্চমান সহকারী গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, গাইবান্ধা। তাহাকে ঠিকাদার তালিকাভূক্তি ফরম সরবরাহ ও আবেদনপত্র গ্রহণ এবং ঠিকাদার তালিকাভুক্তি/নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

১৫। জনাব.........................................................................................................।

১৬। নোটিশ বোর্ড/অফিস কপি।

৩০/৬/২০২৬

নির্বাহী প্রকৌশলী (ভারপ্রাপ্ত)
গাইবান্ধা পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, গাইবান্ধা।

৩০/০৬/২০২৬